দৈনিক ইত্তেফাক

৯৬

তারিখ ... MAY 22 1999
পৃষ্ঠা ৭ কলাম ৬

## সরকারী কুমুদিনী মহিলা কলেজের নিয়মিত ক্লাস হয় না

টাঙ্গাইল জেলার ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান হইতেছে সরকারী কুমুদিনী মহিলা কলেজ। ইহা একটি ডিগ্রী কলেজ। দুই বৎসর যাবৎ দুইটি বিষয়ে এখানে মাস্টার্স কোর্স চালু হইয়াছে। অথচ এখানে কোন বিভাগেই তিনজনের অধিক শিক্ষক নাই। তাহার উপর যাঁহারা আছেন, তাহারাও নিয়মিত ক্লাস নেন না। শিক্ষকদের মধ্যে প্রাইভেট পড়াইবার প্রবণতা লক্ষ্য করা যায়। তাহাছাড়া বিভিন্ন ব্যবসায়ে শিক্ষকেরা জড়িত। যাহার কারণে নিয়মিত ক্লাস হয় না। যেমন সমাজকল্যাণ বিভাগে মাস্টার্স কোর্স চালু হইয়াছে। আর এই বিভাগের জনৈক সহকারী অধ্যাপক ক্লাস বাদ দিয়া তাহার বাসায় ছাত্রীদের প্রাইভেট পড়ান এবং তাহার কাছে প্রাইভেট পড়ার জন্য ছাত্রীদের বাধ্য করেন। নিজের নোট এবং নোট বই ছাত্রীদের নিকট গছাইয়া দেন। ইহাছাড়া উক্ত শিক্ষক জমি ক্রয়-বিক্রয়ের দালালীর কাজেও ব্যস্ত থাকেন। টাঙ্গাইল জেলা শহর এলাকায় জমি ক্রয়-বিক্রয়ের দালাল হিসাবে উক্ত শিক্ষককে সবাই জানেন। কথা হইতেছে, কেহ জমির দালালী করিতে বা প্রাইভেট পড়াইতেও পারেন, তাহাতে আপত্তির কিছু নাই। কিন্তু তাই বলিয়া নিয়মিত ক্লাস ব্যাহত হইবে, ইহা কোনভাবেই মানিয়া নেওয়া যায় না। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি। সেইসাথে শিক্ষক স্বল্পতা দূর করার জন্য বিনীত আবেদন জানাইতেছি।

—জনৈকা ছাত্রী।